



উজান কথা

“উজান” একটি স্বপ্নের নাম।

প্রবাসে অনেকদিন হল – নানান টানাপোড়েনের মধ্যে জানতে ও অজান্তে কেটে গিয়েছে বছর কয়েক – ধীরে ধীরে প্রবাস-ই হয়েছে বাস – পরভূমির আচার বিচারে সড়গড় – আত্মস্থ হওয়াটা আত্মার ব্যাপার কিন্তু অভ্যেস তো হয়েছে বটেই।

কিন্তু তবু মাঝরাতে ঘুম ভেঙে গেলে ফেলে আসা দিনগুলি মনে পড়ে – ছন্নছাড়া দায়হীন জীবন যাপন – দুচোখে স্বপ্ন – মুষ্টিবদ্ধ হাত আর অপাপবদ্ধ সারল্য – এইসব মিলিয়ে মিশিয়ে স্মৃতির ক্যানভাসে আঁকা থাকে শহর কলকাতা। সেই স্মৃতির হাত ধরে সময়ের উজানে যাত্রা আমাদের ...

সেই স্বপ্নের নাম হল “উজান” - তাকে নিয়েই আমাদের গান – কথাসুরের আঁকিবুকি।

এইসব নিয়ে আমাদের প্রথম সিডি প্রকাশিত হতে চলেছে পূজোর আগে। তাই এখন চলছে প্রদীপ জ্বালাবার আগে সলতে পাকানোর পর্ব। সেখান থেকে “মুক্ত-মনা” পাঠক পাঠিকাদের জন্য তুলে দেওয়া হল একটি অর্ধপাকানো সলতে – তাড়াছড়ায় রেকর্ডিঙের মান সিডির মতন ততোটা ভাল হল না – সিডি প্রকাশিত হলে সেই খবর “মুক্ত-মনা”র মাধ্যমে আমরা আপনাদের কাছে পৌঁছে দেব।

আমাদের একটি গান – **দশটি বছর পরে** শোনার জন্য এইখানে

http://www.ujaan.com/songs/dashti_bachhor_pare.mp3 ক্লিক করুন... আশাকরি আপনাদের ভালো লাগবে ...

গানের কথা, সুর, গাওয়া আমাদের নিজস্ব
যন্ত্রানুসঙ্গীত পরিচালনা করেছেন শ্রী প্রতাপ রায় (বেবিদা)
গান গেয়েছেন, সুর দিয়েছেন - অরুন, আবীরা, চন্দ্রিমা, জয়িতা, নীলাঞ্জনা
লিখেছেন - রাহুল, প্রবীর দাশ
গানে গলা মিলিয়েছেন – চন্দ্রিমা, প্রবীর ঘোষ, নীলাঞ্জনা, রাহুল, জয়িতা
বাজিয়েছেন – কৌশিক
ব্যবস্থাপনায় – দীপঙ্কর
এছাড়া আমরা বিশেষভাবে কৃতজ্ঞ গুপ্ত, প্রিয়ান্কা, সান্ত্বনা এবং প্রদোষের কাছে।
আমাদের সম্পর্কে আরো তথ্য – <http://www.ujaan.com> এ।